# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com

স্মারক নং- মাউমাশিবোদি/বিদ্যাঃ/অনুঃ/২০২০/৬৬০০(২) তারিখ ঃ ২৭/০৯/২০২০ খ্রি.

**বিষয় ঃ উত্তম চর্চা বিষয়ক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উল্লিখিত বিষয়ের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুরের বিদ্যালয় বিভাগের উত্তম চর্চা বিষয়ক প্রতিবেদন আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

| ক্রঃ নং | উত্তম চর্চার শিরোনাম | উত্তম চর্চার বিবরণ | প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | শুনানি গ্রহণের মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি ও মামলার দীর্ঘসূত্রিতা রোধকরণ | **সমস্যাঃ** অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলাধীন পূর্ব ফরিদপুর বেগম রোকয়া বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী গ্রন্থাগারিক জনাব মোঃ আব্দুর রাজ্জাক সরকারকে সাময়িক বরখাস্ত করায় এলাকায় অসন্তোষ সৃষ্টি, একাডেমিক পরিবেশ বিঘ্নিত করার মত কার্যক্রম।<br>**সমাধান ঃ** উল্লিখিত সমস্যা সমাধানের লক্ষে উভয় পক্ষকে শিক্ষা বোর্ডে পত্র দ্বারা ডেকে বিভিন্ন সাক্ষ্য, প্রমাণ ও কাগজপত্র বিচার বিশ্লেষণ করে উভয় পক্ষের শুনানির মাধ্যমে বিধি সম্মতভাবে নিষ্পত্তি করা। | **কেস স্টাডি ০১ ঃ** অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলাধীন পূর্ব ফরিদপুর বেগম রোকয়া বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী গ্রন্থাগারিক জনাব মোঃ আব্দুর রাজ্জাক সরকারকে বিদ্যালয়টির ম্যানেজিং কমিটির সভাপতি ও প্রধান শিক্ষক ২বছর যাবত সাময়িক বরখাস্ত অবস্থায় রাখায় উক্ত বরখাস্তকৃত সহকারী গ্রন্থাগারিক অত্র শিক্ষা বোর্ডে আবেদন দাখিল করেন এবং মহামান্য হাইকোর্টে রীট মামলা আনয়ন করেন। বিদ্যালয়টিতে ম্যানেজিং কমিটির সভাপতি, প্রধান শিক্ষক এবং উক্ত সাময়িক বরখাস্তকৃত সহকারী গ্রন্থাগারিকের মধ্যে চরম দ্বন্দের সৃষ্টি হলে প্রয়োজনীয় কাগজপত্রসহ চেয়ারম্যান মহোদয়ের দপ্তরে শুনানি গ্রহণ করা হয়। উক্ত শুনানিতে উভয় পক্ষের অংশগ্রহণের পর দেখা যায় যে সমস্যাটি সমাধানযোগ্য এবং উভয় পক্ষের মধ্যে সৌহার্দ্য, সমঝোতার অভাবে উক্তরূপ সমস্যার উদ্ভব হয়েছে। ফলে প্রতিষ্ঠানের স্বার্থে উভয়ের মধ্যে বিবাদ মিটিয়ে ন্যায় প্রতিষ্ঠার লক্ষ্যে সমঝোতা সৃষ্টি করা হয় এবং সহকারী গ্রন্থাগারিক জনাব মোঃ আব্দুর রাজ্জাক সরকার (বরখাস্তকৃত) কে স্ব পদে বহাল করা হয়। এর ফলে বিদ্যালয়টির শৃঙ্খলা ফিরে আসে এবং সুষ্ঠু একাডেমিক পরিবেশ বজায় রয়েছে। | শুনানির মাধ্যমে স্বল্পতম সময়ে অভিযোগ/ সমস্যা নিষ্পত্তি একটি উত্তম চর্চা/ উত্তম চর্চার বিষয় হিসেবে অনুসৃত হতে পারে বা এটি একটি জনপ্রিয় পদ্ধতি হতে পারে। ফলে সময় বাঁচে, কোন প্রকার ব্যয় হয় না এবং একাধিক ভিজিটের কোন প্রয়োজন হয় না।<br>সেবাগ্রহীতা ও অন্যান্য অংশীজনের কাছে গ্রহণযোগ্য একটি উপায় হিসাবে এ পদ্ধতির বাস্তবায়ন সহজতর ও ফলপ্রসূ। |

২৮/০৯/২০২০

মোঃ আবেদ আলী
সহকারী বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

২৮/০৯/২০২০

প্রফেসর মোঃ আলতাফ হোসেন
বিসিএস (সাধারণ শিক্ষা)
আইডি নং-০০৫৩৭৪
উপ-বিদ্যালয় পরিদর্শক (প্রেষনে)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

G:\Word DOC\FILE\1006.doc>>>39

| ক্রঃ নং | উত্তম চর্চার শিরোনাম | উত্তম চর্চার বিবরণ | প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০২ | উভয় পক্ষের শুনানি গ্রহণের মাধ্যমে অভিযোগ নিষ্পত্তিকরণ | **সমস্যাঃ** অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন লালমনিরহাট জেলার হাতিবান্ধা উপজেলাধীন হাতিবান্ধা আদর্শ উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন, সভাপতি নির্বাচন বিষয়ে দ্বন্দের ফলে এলাকায় অসন্তোষ সৃষ্টি, একাডেমিক পরিবেশ বিঘ্নিত করার মত কার্যক্রম। **সমাধান** ঃ উল্লিখিত সমস্যা সমাধানের লক্ষে উভয় পক্ষকে শিক্ষা বোর্ডে পত্র দ্বারা ডেকে বিভিন্ন সাক্ষ্য, প্রমাণ ও কাগজপত্র বিচার বিশ্লেষণ করে উভয় পক্ষের শুনানির মাধ্যমে বিধি সম্মতভাবে নিষ্পত্তি করা। | **কেস স্টাডি ০১** ঃ অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন লালমনিরহাট জেলার হাতিবান্ধা উপজেলাধীন হাতিবান্ধা আদর্শ উচ্চ বিদ্যালয়ের অভিভাবক জনাব মোঃ দুলাল হোসেন ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনে এমপি মহোদয়ের ডি.ও. লেটারকে চ্যালেঞ্জ করে রীট মামলা আনয়ন করেন। পরবর্তীতে বাদী বিবাদী, প্রিজাইডিং অফিসার হিসেবে দায়িত্বপ্রাপ্ত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় কাগজপত্রসহ চেয়ারম্যান মহোদয়ের দপ্তরে শুনানি গ্রহণ করা হয়। উক্ত শুনানিতে উভয় পক্ষের অংশগ্রহণের পর দেখা যায় যে সমস্যাটি সমাধানযোগ্য। শুনানির সময় ম্যানেজিং কমিটি গঠনের যাবতীয় কাগজপত্র, প্রিজাইডিং অফিসার কর্তৃক সভাপতি নির্বাচনের প্রক্রিয়াসহ যাবতীয় প্রক্রিয়া বিধিসম্মতভাবে সম্পন্ন করা হয়েছে কি না তা পর্যালোচনা পর মামলার বাদী জনাব মোঃ দুলাল হোসেনকে বোঝাতে সক্ষমহন যে ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন নির্বাচিত সদস্যদের ভোটের মাধ্যমে সম্পন্ন হয়েছে। এমপি মহোদয়ের ডি.ও লেটারের মাধ্যমে নয়।<br>ফলে প্রতিষ্ঠানের স্বার্থে উভয়ের মধ্যে বিবাদ মিটিয়ে বিদ্যালয়টির শৃঙ্খলা ফিরে আসে এবং সুষ্ঠু একাডেমিক পরিবেশ বজায় রয়েছে।<br>প্রফেসর মোঃ [illegible]<br>বিসিএস (সাধারণ শিক্ষা)<br>আইডি নং-০০৫৩৭৪<br>উপ-বিদ্যালয় পরিদর্শক (প্রেষণে)<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড<br>দিনাজপুর।<br>২৬/০১/২০২০ | শুনানির মাধ্যমে স্বল্পতম সময়ে অভিযোগ/ সমস্যা নিষ্পত্তি একটি উত্তম চর্চা/ উত্তম চর্চার বিষয় হিসেবে অনুসৃত হতে পারে। এতে মামলার দীর্ঘসূত্রিতা রোধ হয় এবং অর্থের অপচয় হয়না। ফলে সময় বাঁচে, কোন প্রকার ব্যয় হয় না এবং একাধিক ভিজিটের কোন প্রয়োজন হয় না। সেবাগ্রহীতা ও অন্যান্য অংশীজনের কাছে গ্রহণযোগ্য একটি উপায় হিসাবে এ পদ্ধতির বাস্তবায়ন সহজতর ও ফলপ্রসূ। |

সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর

২৬/০১/২০২০
মোঃ আবেদ আলী
সহকারী বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

২৬/০১/২০২০
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর